

ফাতওয়া নাম্বার: ৩৯৬

প্রকাশকাল: ৩০-০৭-২০২৩ ইং

## অন্যকে দিয়ে রমি করিয়ে হাদিয়া দেওয়ার বিধান

### প্রশ্ন:

এক ব্যক্তি হজের সময় খুবই অসুস্থ ছিলেন। ফলে শয়তানকে পাথর নিক্ষেপের কাজটি তার পক্ষ থেকে অন্য একজন করে দিয়েছেন। যিনি কাজটি করে দিয়েছেন, তাকে এখন কিছু হাদিয়া দিতে চাচ্ছেন। শুনেছি, কিছু হাদিয়া নাকি দিতে হয়। বিষয়টি যদি একটু জানাতেন।

### উত্তর:

কারও মাধ্যমে রমী করালে তাকে হাদিয়াস্বরূপ কিছু অর্থ দিতে অসুবিধা নেই। তবে এটা জরুরি নয়। তাই না দিলেও কোন সমস্যা নেই। -  
আব্দুররফুল মুখতার (রাদ্দুল মুহতারের সঙ্গে মুদ্রিত): ২/৬০১

উল্লেখ্য, সামান্য অসুস্থতার কারণে অন্যের মাধ্যমে রমী করানো জায়েয নেই। শুধু এমন অসুস্থতার কারণেই অন্যের মাধ্যমে রমী করাতে পারবে, যে অসুস্থতার কারণে রমীর স্থান পর্যন্ত যাওয়া অস্বাভাবিক কষ্টসাধ্য হয় বা যে অসুস্থতার কারণে বসে সালাত আদায় করা জায়েয হয়। এধরনের অসুস্থতা ব্যতীত অন্যের মাধ্যমে রমী করালে তা পুনরায় করতে হবে। পুনরায় না করলে দম (কুরবানীর উপযুক্ত একটি পশু জবাই করা) ওয়াজিব হবে, যা হারামের সীমানায় জবাই করে গরীব মিসকীনকে দিয়ে দিতে হবে। -মানাসিক ২৪৭; গুনইয়াতুন নাসিক ১৮৮

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি উফিয়া আনহু

২০-১২-১৪৪৪ হি.

০৯-০৭-২০২৩ ঈ.

